

স্মারক নং ৩৮.০১.০০০০.১০০.০২.০০১.১৬-১৩

তারিখঃ ১১ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ  
২৫ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ করোনাভাইরাস (কোভিড-১৯) এর কারণে বিদ্যালয় ছুটিকালীন শিক্ষার্থীদের শিক্ষণ ঘাটতি হ্রাসকল্পে করণীয়।**

সম্প্রতি বাংলাদেশে করোনাভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ দেখা দিয়েছে এবং ক্রমাগত এর বিস্তার ঘটানো সম্ভাবনা দেখা দিয়েছে। সরকার এর বিস্তার রোধে প্রাথমিক বিদ্যালয়সমূহ আগামী ০৯ এপ্রিল ২০২০ খ্রিঃ পর্যন্ত বন্ধ ঘোষণা করেছে। বিদ্যালয় ছুটিকালীন শিক্ষার্থীদের শিখন ঘাটতি হ্রাসকল্পে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গৃহীত হবে।

১. বিদ্যালয় ছুটিকালীন শিক্ষার্থীদের শিক্ষণ ঘাটতি হ্রাসে ডিজিটাল ও ডিসট্যান্স লার্নিং এর মাধ্যমে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।
  ২. প্রাথমিক পর্যায়ে ৩য় থেকে ৫ম শ্রেণি পর্যন্ত বার্ষিক পাঠ পরিকল্পনা অনুসারে বিভিন্ন শ্রেণির শিখন-শেখানোর ভিডিও তৈরি করে সংসদ টেলিভিশন/বাংলাদেশ টেলিভিশনে সম্প্রচারের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। শিক্ষার্থীরা ঘরে বসেই এসকল ভিডিও দেখে শিখতে পারবে।
  ৩. এই সময়ে শিক্ষকগণ সম্ভাব্যক্ষেত্রে বিভিন্ন ভিডিও কনফারেন্স সিস্টেম (Google Classroom, Zoom, Hangout, Skype, ইত্যাদি) ও নিরাপদ সোশ্যাল মিডিয়া ব্যবহার করে LIVE Classroom এর মাধ্যমে পাঠদান কার্যক্রম পরিচালনা করবেন।
  ৪. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও এটুআই, আইসিটি বিভাগসহ অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক ইতোমধ্যে তৈরিকৃত এবং সম্ভাব্য সকল নিরাপদ উৎস হতে প্রাপ্ত শিখন-শেখানোর বিভিন্ন ডিজিটাল কনটেন্ট শিক্ষক-শিক্ষার্থীরা ব্যবহার করতে পারবে। ফলে শিক্ষার্থীরা বাড়িতে অবস্থান করেই কম্পিউটার/মোবাইল ফোনের মাধ্যমে তা দেখে পাঠচর্চা চালিয়ে যেতে পারবে।
  ৫. অভিভাবকগণ করোনাভাইরাস সংক্রমণের বর্তমান পরিস্থিতিতে নিজেরা সতর্ক থেকে শিক্ষার্থীদেরও নিরাপদ রাখতে সচেষ্ট থাকবেন এবং ডিজিটাল এডুকেশন সিস্টেমে শিক্ষার্থীদের সম্পৃক্ত করে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে সহায়তা করবেন।
  ৬. শিক্ষকগণ শিক্ষার্থী ও অভিভাবকদের বিভিন্ন সোশ্যাল মিডিয়া, অন্যান্য নিরাপদ মাধ্যম ও ডিজিটাল কনটেন্ট ব্যবহার করে পাঠচর্চা অব্যাহত রাখতে উদ্বুদ্ধ করবেন।
- করোনাভাইরাস (কোভিড-১৯) এর কারণে উদ্বুদ্ধ পরিস্থিতিতে ছুটিকালীন শিক্ষার্থীদের ডিজিটাল ও ডিসট্যান্স লার্নিং এর মাধ্যমে পাঠচর্চা অব্যাহত রাখতে সহায়তার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা, শিক্ষক ও অভিভাবকগণকে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত

(মোঃ ফসিউল্লাহ)  
মহাপরিচালক

**বিতরণঃ**

- ১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর, সিলেট, ময়মনসিংহ (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),..... (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৪। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল),..... (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৫। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল),..... (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৬। ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল),..... (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৭। প্রধান শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয় (সকল),..... (সহকারি শিক্ষক ও অভিভাবকগণকে অবহিতকরণের অনুরোধসহ)।

**অনুলিপিঃ**

- ১। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪) এর ব্যক্তিগত সহকারি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালকের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রকল্প পরিচালক, এটুআই, আইসিটি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৪। অফিস কপি।